

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধান প্রকৌশলীর কার্যালয়  
গণপূর্ত অধিদপ্তর  
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।  
ফোন-০২-৯৫৬২৭৯৫, ফ্যাক্স-৮৮-০২-৯৫৬২৯১৩  
Visit <http://www.pwd.gov.bd>

"অতীব জরুরী"

স্মারক নং-২৫-৩৬-০০০০-২২০-২০-১৩০-১৫/

হি-১

তারিখ-----

বরাবর

তত্ত্বাবধায়ক প্রকৌশলী  
ঢাকা গণপূর্ত সার্কেল-১, ঢাকা।

**বিষয়ঃ- প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর সরকারী বাসভবন (গণভবন) এবং রায়েরবাজার বধ্যভূমি (সুতিসৌধ) এর জন্য ২০১৬-২০১৭-আর্থিক সালে হিসাবের কোড নং-৩-৩২৫১-০০০০-৪৮৫১-শ্রমিক মজুরী উপখাতে অর্থ বরাদ্দ করণ প্রসঙ্গে।**

- সূত্রঃ- (১) তাঁর স্মারক নং-/৩৫৭ তারিখ-০৮-০৮-২০১৬ইং এর প্রেক্ষিতে।  
(২) উপ-সচিব, বাজেট অধিশাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকার স্মারক নং-/৩৬৬ তারিখ-১৫-০৭-১৪ইং।  
(৩) উপ-সচিব, বাজেট অধিশাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকার স্মারক নং-/৩৮০ তারিখ-১৬-০৬-১৫ইং।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্ব ১নং স্মারক পত্রে বর্ণিত তাঁর পত্রের বরাতে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় এবং প্রধানমন্ত্রীর সরকারী বাসভবন (গণভবন) এর পরিষ্কার পরিচ্ছন্ন/ হাউজ কিপিং কাজে নিয়োজিত জনবলের ব্যয় নির্বাহের জন্য হিসাবের কোড নং-৩-৩২৫১-০০০০-৪৮৫১-শ্রমিক মজুরী উপখাতে ২০১৬-২০১৭-আর্থিক সালে মোট ১৯০.০০ লক্ষ (এক কোটি নব্বই লক্ষ) টাকার চাহিদা পেশ করা হয়েছে।

এখানে উল্লেখ্য যে, সূত্রস্ব ২নং স্মারক পত্রের মাধ্যমে বর্ণিত জনবলের ব্যয় ৪৮৫১-শ্রমিক মজুরী উপখাত হতে ২০১৪-২০১৫-আর্থিক সালে সমন্বয় করার জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছিল।

একই ধারাবাহিকতায় সূত্রস্ব ৩নং স্মারক পত্রের মাধ্যমেও বর্ণিত জনবলের ব্যয় ৪৮৫১-শ্রমিক মজুরী উপখাত হতে ২০১৫-২০১৬-আর্থিক সালে সমন্বয় করার জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক বিস্তারিত নির্দেশনা প্রদানসহ পরিষ্কার পরিচ্ছন্নতা কোড নং-৪৮৭৫ (পরিষ্কার পরিচ্ছন্ন সংশ্লিষ্ট জনবলসহ) এর মাধ্যমে এ ধরনের কার্যাদি সম্পন্নের বিষয়ে দিক নির্দেশনা প্রদান করা হয়েছিল। বর্ণিত ৪৮৭৫ কোডে ২০১৬-২০১৭-আর্থিক সালে মোট বাজেট বরাদ্দ রয়েছে ৩২৫.০০ লক্ষ টাকা। কিন্তু চলতি ২০১৬-২০১৭-আর্থিক সালে উপরে বর্ণিত পরিষ্কার পরিচ্ছন্ন সংশ্লিষ্ট জনবলের ব্যয়ভার ৪৮৫১-কোড হতে মিটানোর বিষয়ে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় হতে কোন নির্দেশনা পাওয়া যায়নি।

এখানে আরও উল্লেখ্য যে, চলতি ২০১৬-২০১৭-আর্থিক সালে ৪৮৫১-শ্রমিক মজুরী উপখাতের বাজেট বরাদ্দের অর্থ দ্বারা শুধুমাত্র গণপূর্ত অধিদপ্তরের বিভিন্ন অফিসে ভাউচারে নিয়োজিত ১৪৯৪ জন শ্রমিকের মজুরী প্রদানের জন্য নির্ধারিত, যা অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত ও নির্দেশিত।

এমতাবস্থায়, সূত্রস্ব ১নং স্মারক পত্রের মাধ্যমে ৪৮৫১-শ্রমিক মজুরী উপখাতে পেশকৃত ১৯০.০০ লক্ষ (এক কোটি নব্বই লক্ষ) টাকার চাহিদার প্রেক্ষিতে অর্থ বরাদ্দ দেওয়ার সুযোগ নেই।

(মোসলেহ উদ্দীন আহাম্মদ)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)

গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-২৫-৩৬-০০০০-২২০-২০-১৩০-১৫/ (৬০/৪৬) হি-১

তারিখ- ০২/০৫/২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

- ০১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী(সওস), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ০২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা গণপূর্ত জোন, ঢাকা।
- ০৩। নির্বাহী প্রকৌশলী, ঢাকা গণপূর্ত বিভাগ-২, ঢাকা।
- ০৪। প্রধান প্রকৌশলী মহোদয়ের স্টাফ অফিসার (নিঃপ্রঃ), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ০৫। নির্বাহী প্রকৌশলী(ই/এম), এম,আই,এস সেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ০৬। গার্ড ফাইল, হিসাব শাখা-১, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

(মোসলেহ উদ্দীন আহাম্মদ)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)

গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।